দৈনিক
জনকণ্ঠ

তারিখ 31 MAR 2015
পৃষ্ঠা ১৪ কলাম ৮

স্বাধীনতা দিবস

## বক্তৃতা দিয়ে লাখপতি না'গঞ্জের তিন শিক্ষার্থী

স্টাফ রিপোর্টার, নারায়ণগঞ্জ ॥ শহরের নারায়ণগঞ্জ কলেজে স্বাধীনতা দিবসে উপস্থিত বক্তৃতা দিয়ে লাখোপতি হলো তিন শিক্ষার্থী। সোমবার দুপুরে কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তৃতা প্রতিযোগিতায় প্রথম সুরাইয়া মাহিন জেনিকে পাঁচ লাখ টাকা, দ্বিতীয় মনীষা বণিককে তিন লাখ টাকা ও তৃতীয় নজরুল ইসলামকে দুই লাখ টাকার চেক তুলে দেন নারায়ণগঞ্জ-৫ আসনের সংসদ সদস্য একেএম সেলিম ওসমান ও তাঁর সহধর্মিণী নাসরিন ওসমান। ২৬ মার্চ কলেজে স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে এমপি সেলিম ওসমান আকস্মিকভাবে শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ে উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করে এ পুরস্কার ঘোষণা করেন।